

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য অফিসারের কার্যালয়
যশোর
www.fisheries.jessore.gov.bd

তারিখ- ১২/০৩/২০২৩ খ্রি.


স্মারক নং- ৩৩.০২.৪১০০.৪০০.৪৫.০২৪.১৭.১৬৫

বিষয়ঃ উদ্ভাবনী উদ্যোগ (Innovation) এর তথ্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা মৎস্য অফিসারের কার্যালয়, যশোর-এর উদ্ভাবনী উদ্যোগ (Innovation) এর তথ্য নিম্নবর্ণিত ছক মোতাবেক প্রেরণ করা হলো।

সংস্থার নাম	জেলা মৎস্য অফিসারের কার্যালয়, যশোর
উদ্ভাবনের শিরোনাম	DoF APA Tracker প্রস্তুতকরণ
কিভাবে যাত্রা শুরু/পটভূমি	বর্তমান সময়ে মৎস্য অধিদপ্তর এপিএ কার্যক্রম বাস্তবায়নে অংশীকারবদ্ধ। বিগত ২০২০-২১ অর্থবছরের মূল্যায়নে মৎস্য অধিদপ্তর মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মধ্যে এপিএ অর্জনে ১ম স্থান অধিকার করেছে। তবে বিদ্যমান এপিএ কার্যক্রম মনিটরিং ও রিপোর্টিং সিস্টেমে কাজ করা সময়সাপেক্ষ ও ত্রুটি হওয়ার সম্ভাবনা রয়েছে। তাই বাংলাদেশের সরকারী কার্যক্রম এর সকল ক্ষেত্রে ডিগিটাইজেশনের এই সময়ে এপিএ কার্যক্রম আরো সুনিপুণভাবে বাস্তবায়নে কেন্দ্রীয় মনিটরিং সিস্টেম জোরদারকরণে এপিএ রিপোর্টিং ও ট্র্যাকিং পদ্ধতি ত্রুটিবিহীন, মসৃণ, স্বয়ংক্রিয় এবং ডিগিটাইজড হওয়া প্রয়োজন। এই প্রয়োজন থেকেই DoF APA Tracker নামক সফটওয়্যার এর উদ্ভাবন করা হয়। যার মাধ্যমে অনলাইনে এপিএ রিপোর্টিং, মনিটরিং করা সম্ভব হচ্ছে। রিয়েল টাইম ডেটা অ্যানালাইসিসের মাধ্যমে অধিনস্থ অফিসসমূহের এপিএ কার্যক্রম তদারকি করা সম্ভব হচ্ছে ত্রুটিবিহীন স্বয়ংক্রিয় কার্যক্রমের মাধ্যমে। ডিজিটাল এই ট্র্যাকারের দ্বারা যে কোন সময় যে কোন অফিসের চলমান এপিএ কার্যক্রম সম্পর্কে মুহূর্তেই কন্ট্রোলিং অফিসসমূহ জানতে পারছেন। ২০২১-২২ অর্থবছর থেকে ২০২২-২৩ অর্থবছরে খুলনা বিভাগের এপিএ কার্যক্রম এর রিপোর্টিং ও মনিটরিং এই সফটওয়্যারের মাধ্যমে হয়ে আসছে।
এ উদ্যোগে কী কী কল্যাণ বয়ে এনেছে	DoF APA Tracker সকল বিভাগে চালু করলে মৎস্য অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারিগণ তাদের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় গৃহিত কার্যক্রমের রিপোর্টিং ও ট্র্যাকিং পদ্ধতি ত্রুটিবিহীন, মসৃণ এবং ডিগিটাইজড করা সম্ভব হবে।
অংশীজনের প্রতিক্রিয়া/অনুভূতি	DoF APA Tracker খুলনা বিভাগে চালু করায় মৎস্য অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারিগণ তাদের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় বিভিন্ন কার্যক্রমের মাসিক, ত্রৈমাসিক ও ষাণ্মাসিক প্রতিবেদন যথাসময়ে দ্রুততার সাথে প্রদান করতে সক্ষম হচ্ছেন। DoF APA Tracker চালুর ফলে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় বিভিন্ন কার্যক্রম সহজতরভাবে বাস্তবায়ন করতে পেরে দাপ্তরিক অন্যান্য কার্যক্রমের উপর প্রভাব হ্রাস পেয়েছে।

উপপরিচালক
মৎস্য অধিদপ্তর
খুলনা বিভাগ, খুলনা



(ফিরোজ আহাম্মেদ)
পরিচিতি নং-০০২৩৯
জেলা মৎস্য অফিসার
যশোর